



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

### ১। ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ

(ক) নিম্নমান সহকারী ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ-সহ কমপক্ষে স্নাতক পাশ হইতে হইবে। অফিস পরিচালনার কার্যক্রমে অভিজ্ঞ হইতে হইবে।
(খ) সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ-সহ কমপক্ষে স্নাতক পাশ হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ থাকিতে হইবে। ফারসি, বাংলা ও ইংরেজি কম্পোজিংয়ে পূর্ণ দক্ষতা থাকিতে হইবে।

### ২। বাংলা বিভাগ

(ক) সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ঃ- টঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ওয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
--	-----------	---

### ৩। অর্গানাইজেশন স্ট্রাটেজি এন্ড লিডারশিপ বিভাগ

ক) কম্পিউটার অপারেটর টঃ- ১২,৫০০-৩০,২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক পাস হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। প্রার্থীকে ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন ওয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	---------	---

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। কোন তথ্য গোপন থাকিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তার সংশ্লিষ্ট পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ১৬-০২-২০১৭ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ-এর চেয়ারম্যানের অফিসে, ক্রমিক-২ এর বাংলা বিভাগ-এর চেয়ারম্যানের অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র অর্গানাইজেশন স্ট্রাটেজি এন্ড লিডারশিপ বিভাগ-এর চেয়ারম্যানের অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

কোষ  
২৪/২/১৭